



নিষিদ্ধ আওয়ামী লীগের কার্যক্রম চলতে দেওয়া হবে না: ডিবি প্রধান



ছবি: সংগৃহীত

নিষিদ্ধ রাজনৈতিক দল আওয়ামী লীগের নামে কোনো ধরনের কার্যক্রম চালাতে দেওয়া হবে না বলে জানিয়েছেন ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) প্রধান শফিকুল ইসলাম। আইনবিরোধী কর্মকাণ্ডে জড়ালে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার কথাও জানান তিনি।

বুধবার (৭ অক্টোবর) ডিএমপি মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন ডিবি প্রধান।

শফিকুল ইসলাম বলেন, আইন করে নিষিদ্ধ করা কোনো কর্মকাণ্ড দেশে পরিচালনার সুযোগ নেই। ঢাকা মহানগরের মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ সতর্ক রয়েছে এবং যেকোনো অপতৎপরতা ঠেকাতে ব্যবস্থা নেওয়া হবে।

ডিসেম্বরে শেখ হাসিনার দেশে ফেরাকে কেন্দ্র করে নাশকতার কোনো সুনির্দিষ্ট তথ্য পুলিশের কাছে নেই জানিয়ে তিনি বলেন, তবে পরিস্থিতি মোকাবিলায় আইনশৃঙ্খলা বাহিনী প্রস্তুত রয়েছে। নিষিদ্ধ দলের কার্যক্রম ঠেকাতে আইন অনুযায়ী ব্যবস্থা ও গ্রেপ্তার অভিযান অব্যাহত থাকবে।